# জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
দিনাজপুর ডিভিশন, দিনাজপুর
www.nha.gov.bd

# কার পার্কিং/গ্যারেজ বরাদ্দের বিজ্ঞপ্তি

**স্মারক নং- ২৫.৩৮.২৭৬৪.৬২৫.৪১.০০০.১৯-৫৪৬** **তারিখ: ০৪/০৮/২০২৬ খ্রি.**

এতদ্দ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন "বগুড়া হাউজিং এস্টেট" ১৩৫ টি আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্পের ৬৯ টি গ্যারেজের মধ্যে ভবন নং-১, ২, ৩ এ অবশিষ্ট মোট ১১ (এগারো) টি অবরাদ্দকৃত (খালি) কারপার্কিং/গ্যারেজ রয়েছে। ফ্ল্যাটের বরাদ্দ প্রাপকগণ যাহারা কারপার্কিং/গ্যারেজ বরাদ্দ পেতে আগ্রহী তারা নিম্নোক্তভাবে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট www.nha.gov.bd/নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, দিনাজপুর ডিভিশন, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, দিনাজপুর/উপ বিভাগীয় প্রকৌশলীর কার্যালয় বগুড়া উপবিভাগ থেকে আবেদনপত্র সংগ্রহ করে যথাযথভাবে পূরণ পূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংযুক্তিসহ আগামী ০৪/০৮/২০২৬ খ্রি. হতে ২৪/০৮/২০২৬ খ্রি.তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে আবেদনকারীগণ ‘উপবিভাগীয় প্রকৌশলী, বগুড়া উপবিভাগ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, উপশহর বগুড়া বরাবর আবেদনপত্র জমা প্রদান করতে পারবেন।

**<u>আবেদনের শর্তাবলীঃ</u>**

(১) যে সকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক ইতঃপূর্বে সংশ্লিষ্ট প্রকল্পে কারপার্কিং বরাদ্দ পাননি শুধুমাত্র তারাই আবেদন করতে পারবেন।

(২) আবেদনকারী যে ভবনে ফ্ল্যাট বরাদ্দ পেয়েছেন শুধুমাত্র সেই ভবনের কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন। প্রাপ্ত আবেদন ভবন ভিত্তিক ফাঁকা কারপার্কিং এর জন্য বিবেচনা করা হবে।

(৩) যেসকল ফ্ল্যাট বরাদ্দপ্রাপক কারপার্কিং বরাদ্দের জন্য ইতোপূর্বে আবেদন করেছেন কিন্তু বরাদ্দ পাননি তাদেরকে এই বিজ্ঞপ্তির আওতায় নির্ধারিত ফরমে পুণরায় আবেদন করতে হবে।

(৪) ফ্ল্যাট এর সম্পূর্ণ ডাউনপেমেন্ট পরিশোধকারী/ডাউনপেমেন্ট পরবর্তী হালনাগাদ কিস্তি পরিশোধকারী বরাদ্দ প্রাপকই কেবল আবেদন করতে পারবেন।

(৫) সম্পূর্ণ ডাউনপেমেন্ট পরিশোধ এবং বাস্তব দখল গ্রহনের পর যেসকল ফ্ল্যাট এর মাসিক / বার্ষিক কিস্তি চলমান, তাদের কিস্তি ৩ মাসের অধিক খেলাপী হলে তার আবেদন Defaulter হিসেবে গণ্য হবেন এবং কারপার্কিং বরাদ্দের জন্য আবেদন করতে পারবেন না।

(৬) ডাউনপেমেন্ট/ মাসিক/ বার্ষিক কিস্তি এর হালনাগাদ কিস্তি পরিশোধের কপি/ বাস্তব দখলের কপি (যারা বাস্তব দখল গ্রহন করেছেন) আবেদনের সাথে দাখিল করতে হবে।

**স্বাক্ষরিত**
(বাদল কুমার মন্ডল)
নির্বাহী প্রকৌশলী
দিনাজপুর, ডিভিশন
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, দিনাজপুর।